# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : **www.comillaboard.gov.bd**


বিজ্ঞপ্তি নং : ৩১২/২০২৫ তারিখ : ২২ ডিসেম্বর ২০২৫ খ্রি.

## ২০২৬ সনের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি :

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, এ শিক্ষাবোর্ডের অধীনে ২০২৬ সনে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক ছাত্র/ছাত্রীদের অনলাইনে ফরম পূরণ ও পরীক্ষার ফি জমা প্রদান ইত্যাদি সম্পর্কীয় সময়সূচি ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

১। অনলাইনে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**Probable list**) প্রদর্শন ও ফরম পূরণ :

শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট (**www.comillaboard.gov.bd**) এর এসএসসি কর্ণারে ৩০/১২/২০২৫ খ্রি. তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ৩১/১২/২০২৫ থেকে ১০/০১/২০২৬ তারিখের মধ্যে **Online**-এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট (**www.comillaboard.gov.bd**) এ এসএসসি কর্ণারে **"এসএসসি-২০২৬ ফরম পূরণ"** এ ক্লিক করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী **Select** করতে হবে।

(খ) উক্ত হার্ডকপিতে **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে এবং **Save** বাটনে ক্লিক করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই /বাছাই করে প্রয়োজন হলে **Select/ Unselect** করা যাবে।

(ঘ) **Temporary List** যাচাইয়ান্তে **Pay Slip** এ ক্লিক করে টাকার পরিমান নিশ্চিত হয়ে **Online Payment** বাটনে এ ক্লিক করে সোনালী পেমেন্ট গেটওয়ে এর **Account** বাটনে সিলেক্ট করে সোনালী ব্যাংকের হিসাব নম্বর থেকে নির্ধারিত টাকা পরিশোধ করতে হবে। পেমেন্ট সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে **Final Candidate List** এ চূড়ান্ত তালিকা দেখা যাবে। ফাইনাল সাবমিটের প্রয়োজন নেই।

উল্লেখ্য নির্ধারিত সময়ের মধ্যে বিলম্ব ফি ছাড়া ০১ বার এবং বিলম্ব ফিসহ ০১ বার ফরম পূরণ ও ফি পরিশোধ প্রক্রিয়া সম্পাদন করা যাবে।

(ঙ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

২। ফরম পূরণে বিশেষ সতর্কতা অবলম্বন :

কোন কোন প্রতিষ্ঠানে একই নামের দুই বা ততোধিক শিক্ষার্থী থাকতে পারে। এক্ষেত্রে অনলাইনে ফরম পূরণের সময় বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে যাতে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কোন ছাত্র/ছাত্রী ফরম পূরণ কার্যক্রম থেকে বাদ পড়ে না যায় এবং ফরম পূরণ করা ছাত্র/ছাত্রীর স্থলে একই নামের ফরম পূরণ না করা অন্য ছাত্র/ছাত্রীর নাম অন্তর্ভুক্ত হয়ে যায়। ছাত্র/ছাত্রীর নাম, পিতা/মাতার নাম, জন্ম তারিখ ও রেজিস্ট্রেশন নম্বর ভালভাবে যাচাই-বাছাই করে দক্ষ লোক দ্বারা অনলাইনে ফরম পূরণের চূড়ান্ত (**Final**) কাজ সম্পন্ন করতে হবে।

৩। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি এবং পরীক্ষার্থীর ফি প্রদানের পে-স্লিপ এর মূলকপি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন। যে কোন প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ চাইলে ঐ প্রিন্ট কপি এবং পে-স্লিপের কপি সরবরাহ করতে হবে।

[ বি: দ্র: ফরম পূরণ বিষয়ক কোন হার্ডকপি বা পে-স্লিপ বোর্ডে জমা দিতে হবে না। ]

৪। ফরম পূরণ সংক্রান্ত বিভিন্ন কাজের সময়সূচি :

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১(এক) থেকে ০৪(চার) বিষয়ে ২০২৫ সনের অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ | ২৪/১২/২০২৫ |
| (খ) | নির্বাচনি পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের শেষ তারিখ | ৩০/১২/২০২৫ |
| (গ) | বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফরম পূরণ | ৩১/১২/২০২৫ থেকে ১০/০১/২০২৬ |
| (ঘ) | বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ | ১১/০১/২০২৬ |
| (ঙ) | বিলম্ব ফিসহ অনলাইনে ফরম পূরণ | ১২/০১/২০২৬ থেকে ১৭/০১/২০২৬ |
| (চ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ | ১৮/০১/২০২৬ |

৫। বিভিন্ন ফি এর হার:

(ক) ফি এর হার (বোর্ডে জমা দিতে হবে) :

| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পরীক্ষার্থীর ধরন | পরীক্ষার ফি (প্রতিপত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতিপত্র) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি ও তালিকাভূক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | স্কাউট ফি (প্রতি পরীক্ষার্থী) | গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | রেজি: নবায়ন ফি (২০২১-২০২২) শিক্ষাবর্ষের রেজি:ধারী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য | বার্ষিক ক্রীড়া মঞ্জুরি ফি (প্রতি প্রতিষ্ঠান) |
| নিয়মিত পরীক্ষার্থী | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | × | × | ২৫.০০ | ১৫.০০ | ২০০.০০ | ৩০০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | ১০০.০০ | × | ২৫.০০ | ১৫.০০ | | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষা দিয়েছে/ আংশিক বিষয়ে পরীক্ষার্থী | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | × | ১০০.০০ | × | ২৫.০০ | ১৫.০০ | | |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | × | ১০০.০০ | ২৫.০০ | ১৫.০০ | | |

বি:দ্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০১.২৪.২১৫, তারিখ: ১৬/১০/২০২৪ মোতাবেক স্কাউটস ও গার্ল গাইডস ফি আদায় করা হবে।

(খ) কেন্দ্র ফি (কেন্দ্রে জমা দিতে হবে) :

i) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা

ii) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে পরীক্ষার্থী প্রতি ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা।

iii) কেন্দ্র ফি হতে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।

(গ) ব্যবহারিক পরীক্ষার ফি সংক্রান্ত :

(ক) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহি: পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/- (দশ) টাকা। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্র সচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা এবং বহি: পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।

(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫/- টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ০৭/-(সাত) টাকা এবং প্রতিষ্ঠান ১৮/-(আঠারো) টাকা পাবে, যা থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক ১০/-(দশ) টাকা এবং প্রতিষ্ঠান ০৮/-(আট) টাকা পাবে।

(ঘ) পরীক্ষার্থীদের ফরম পূরণের মোট ফি :

| বিজ্ঞান বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয় সহ) | ব্যবসায় শিক্ষা বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয় সহ) | মানবিক বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয় সহ) |
|---|---|---|
| ১। বোর্ড ফি ১,৯২০.০০ টাকা<br>২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) ৫১৫.০০ টাকা<br>২,৪৩৫.০০ টাকা | ১। বোর্ড ফি ১,৮৩০.০০ টাকা<br>২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) ৪৮৫.০০ টাকা<br>২,৩১৫.০০ টাকা | ১। বোর্ড ফি ১,৮৩০.০০ টাকা<br>২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) ৪৮৫.০০ টাকা<br>২,৩১৫.০০ টাকা |

ঙ) বিলম্ব ফি: পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা।

৬। অতিরিক্ত অর্থ ও বকেয়া আদায় সংক্রান্ত :

(ক) পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর-২০২৫ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোন শিক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন ও সেশনচার্জ নেয়া যাবে না।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এসএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ডের নির্ধারিত ফি ছাড়া অতিরিক্ত কোন অর্থ আদায় করা যাবে না। কোচিং, মডেল টেস্ট ইত্যাদির নামে ছাত্র/ছাত্রীদের নিকট থেকে কোন অর্থ আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৭। এসএসসি পরীক্ষা - ২০২৬ এর ফরম পূরণ সম্পর্কিত অন্যান্য নিয়মাবলি :

(ক) নিয়মিত পরীক্ষার্থী ও তাদের বয়স :

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২৬ সনের এসএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। তাদের বয়স ১ জানুয়ারি ২০২৬ তারিখে ১৪ (চৌদ্দ) বছর থেকে ২০ (বিশ) বছরের মধ্যে হতে হবে।

(খ) অনিয়মিত/অকৃতকার্য পরীক্ষার্থী :

i) ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২৪ এবং ২০২৫ সনের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব - স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৬ সনের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

**ii) চতুর্থ বিষয়ের সুবিধা :**

২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০২৪ ও ২০২৫ সনের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০২৬ সনে পরীক্ষা দিলে চতুর্থ বিষয়ের সুবিধা পাবে । ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থী যারা ২০২৪ ও ২০২৫ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে/নৈর্বাচনিক বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০২৬ সনের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে। আংশিক বিষয়ের পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে অনুত্তীর্ণ থাকলে ৪র্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

**৮। মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ :**

i) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ অথচ ৪র্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থীরা বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশনের মেয়াদ কেবলমাত্র ১(এক) বৎসরের জন্য নবায়ন করে ২০২৬ সনের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

ii) রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর ফরম পূরণের জন্য রেজিস্ট্রেশন নবায়ন ফি বাবদ ২০০.০০ (দুইশত) টাকা হারে সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে দিয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে বিগত বছর যারা রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ করেছে, তাদের আর নবায়নের সুযোগ নেই।

iii) রেজিস্ট্রেশন নবায়নের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর ফরোয়ার্ডিং এবং ফরম পূরণকৃত শিক্ষার্থীর মূল প্রবেশপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ড ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ফরম পূরণের প্রিন্ট আউটের ফটোকপিসহ মাধ্যমিক পরীক্ষা শাখায় আগামী ২০/০১/২০২৬ তারিখের মধ্যে জমা দিয়ে রেজিস্ট্রেশন নবায়ন করে নিতে হবে।

**৯। আংশিক বিষয়ের পরীক্ষার্থীদের জিপিএ নির্ধারণ :**

আংশিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপিএ সংরক্ষিত থাকবে। ২০২৬ সনের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপিএ-র সাথে পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএ যোগ করে তাদের জিপিএ নির্ধারণ করা হবে।

**১০। জিপিএ উন্নয়ন :**

যে সকল পরীক্ষার্থী ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে, এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য ২০২৬ সনের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এক্ষেত্রে পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২৬ সালের পরীক্ষায় জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর পূর্বের পরীক্ষার প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপির সাথে বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে।

**১১। বহিষ্কৃত পরীক্ষার্থী :**

বহিষ্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ শেষ হলে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। রেজিস্ট্রেশনের মেয়াদ না থাকলে রেজিস্ট্রেশন নবায়ন বা পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

**১২। পাঠ্যসূচি :**

(ক) নিয়মিত পরীক্ষার্থীরা ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) অনিয়মিত / মানোন্নয়ন পরীক্ষার্থীরা ২০২৫ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(গ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ নিশ্চিত করবেন।

**১৩। শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন :**

কোন অবস্থাতেই এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতা/অভিভাবকের বদলি/যুক্তি সংগত বা অন্য কোন কারণে বোর্ডের অনুমতি নিয়ে শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে বোর্ডের ছাড়পত্রের আদেশসহ সকল কাগজপত্র প্রিন্ট কপির সাথে বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে।

**১৪। পরীক্ষায় অংশগ্রহণের বিষয়/বিষয়সমূহ :**

শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয়েই তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজিস্ট্রেশন কার্ড বহির্ভূত বা পাঠ্যসূচির গুচ্ছ বহির্ভূত কোন বিষয়/বিষয় সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/ বিষয়সমূহ বাদ দিয়েই পরীক্ষার্থীর ফল প্রকাশ করা হবে।

**১৫। প্রতিবন্ধি পরীক্ষার্থী :**

দৃষ্টি প্রতিবন্ধি, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধি, বুদ্ধি প্রতিবন্ধি এবং যাদের হাত নেই তারা শ্রুতি লেখক সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশ নিতে চাইলে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধি সনদের সত্যায়িত ফটোকপি, প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ পরীক্ষার্থী এবং শ্রুতি লেখক উভয়ের ২(দুই) কপি করে পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, শ্রুতি লেখকের অভিভাবকের সম্মতিপত্র, শ্রুতি লেখক যে প্রতিষ্ঠানে অধ্যয়ন করে সে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র নিয়ে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে আবেদন করতে হবে। এক্ষেত্রে ৮ম (অষ্টম) শ্রেণির ছাত্র/ছাত্রীকে শ্রুতি লেখক নিয়োগ করতে হবে।

১৬। ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণ :

যে সকল প্রতিষ্ঠানের ইংরেজি ভার্সনে পাঠদানে বোর্ডের অনুমতি আছে সে সকল প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী ০২ (দুই) কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে আগামী ৩০/১২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। ইংরেজি ভার্সনে পাঠদানের বোর্ডের অনুমতি পত্রের সত্যায়িত ফটোকপি তালিকার সাথে জমা দিতে হবে।

| শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ইআইএন | কেন্দ্রের নাম ও কোড | বিভাগ | বিষয় ও বিষয় কোড | পরীক্ষার্থীর মোট সংখ্যা | পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর পরীক্ষার্থীর নাম: পিতার নাম: মাতার নাম: | শিক্ষাবর্ষ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

১৭। নির্বাচনী পরীক্ষা : জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী এবং যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ব্যতীত অন্য সকল শিক্ষার্থীর জন্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

১৮। বিজ্ঞপ্তিতে উল্লিখিত এসএসসি পরীক্ষা- ২০২৬ সংক্রান্ত যাবতীয় নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে নিদের্শক্রমে অনুরোধ করা হলো।

** বি.দ্র. নির্ধারিত সময়ের পর ফরম পূরণের আর কোনো সুযোগ থাকবে না।

২২/১২/২৫

(প্রফেসর রুনা নাছরীন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন: ০২৩৩৪৪০৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০২৫/৮০৪(১৪) তারিখ : ২২ ডিসেম্বর ২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা/ রাজশাহী/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ
৪। জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৫। পুলিশ সুপার, কুমিল্লা / চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৬। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৭। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা /চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৮। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৯। সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
১২। কুমিল্লা শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান
১৩। ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, বি.আই.এস.ই. বিল্ডিং শাখা, লাকসাম রোড, কুমিল্লা
১৪। অফিস কপি।

২২/১২/২০২৫

(মো. কবির উদ্দিন আহমেদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬৪৬১
ইমেইল: **dc.ssc@comillaboard.gov.bd**

২২/১২/২৫